* 0000800000001 * DFD

CAMBRIDGE International Education

Cambridge O Level

CANDIDATE NAME

CENTRE NUMBER

CANDIDATE NUMBER

BENGALI **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **May/June 2026**

1 hour 30 minutes

You must answer on the question paper.

You will need: Insert (enclosed)

INSTRUCTIONS
- Answer **all** questions in **Bengali**.
- Use a black or dark blue pen.
- Write your name, centre number and candidate number in the boxes at the top of the page.
- Write your answer to each question in the space provided.
- Do **not** use an erasable pen. Do **not** use correction fluid or tape.
- Do **not** write on any bar codes.
- Dictionaries are **not** allowed.

INFORMATION
- The total mark for this paper is 110.
- The number of marks for each question or part question is shown in brackets [ ].
- The insert contains the reading passages.

This document has **12** pages. Any blank pages are indicated.

NL 357222/4
© Cambridge University Press & Assessment 2026

[Turn over

Section A
বিভাগ : ক

Separation of Words
সন্ধিবিচ্ছেদ

নিচে দেওয়া শব্দগুলোর সন্ধিবিচ্ছেদ করো।

1 অহংকার

.... [2]

2 উচ্চারণ

.... [2]

3 নবান্ন

.... [2]

4 প্রতীক্ষা

.... [2]

5 যথেষ্ট

.... [2]

DO NOT WRITE IN THIS MARGIN

© Cambridge University Press & Assessment 2026

PapaCambridge · papacambridge.com

Idioms, Proverbs and Words in Pairs
বাগধারা, প্রবচন এবং জোড়া শব্দ

নিচের তালিকা থেকে উপযুক্ত বাগধারা / প্রবচন / জোড়া শব্দের কেবল **নম্বরটি** বেছে নিয়ে প্রতিটি বাক্যের শূন্যস্থান পূরণ করো।

(1) কড়ায়-গণ্ডায়	**(6)** সেয়ানে সেয়ানে
(2) গোঁফ খেজুড়ে	**(7)** অমাবস্যার চাঁদ
(3) আঠারো মাসে বছর	**(8)** সকাল সন্ধ্যা
(4) লেফাফা দুরস্ত	**(9)** দশের লাঠি একের বোঝা
(5) বিনা মেঘে বজ্রপাত	**(10)** অল্পবিদ্যা ভয়ঙ্করী

6 ছেলেটার তো আবার .... হয়, দেখা যাক ওর কাজটা কবে শেষ হয়! [2]

7 তুমি সবাইকে ফাঁকি দিলেও আমার পাওনা আমি ঠিকই .... বুঝে নেবো। [2]

8 লোকটি না জেনেশুনে জ্ঞানের বড়াই করে; একেই বলে .... । [2]

9 সে ঠকিয়ে তোমার ঘড়ি নিয়েছে, তুমিও তার মুঠোফোন নিয়েছো; এ যে একেবারে .... কোলাকুলি। [2]

10 বিয়ের দিন হঠাৎ সিঁড়ি থেকে পড়ে বরের পা মচকে গেলো, এ যেন .... । [2]

PapaCambridge · papacambridge.com 3204/02 Question Paper June 2026

Sentence Transformation
বাক্য রূপান্তর

নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে উপযুক্ত শব্দ দিয়ে পূরণ করে সম্পূর্ণ বাক্যটি এমনভাবে লেখো যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়।

11 বিপদকালে মধুর কথা ও সান্ত্বনার কোনো মূল্য নেই।

বিপদকালে .... ? [2]

12 খুব ভোরে ঘুম থেকে না উঠলে ট্রেন ধরতে পারবে না।

ট্রেন .... । [2]

13 গত বছরের তুলনায় বাজারে জিনিসপত্রের দাম অনেক বেশি।

গত বছরের .... নয়। [2]

14 শোভাযাত্রাটি উৎসবমুখর ছিলো।

শোভাযাত্রাটি .... ! [2]

15 মাহমুদ বললো, "আমি আগামীকাল স্টেডিয়ামে খেলা দেখতে যাবো।"

মাহমুদ বললো .... । [2]

DO NOT WRITE IN THIS MARGIN

© Cambridge University Press & Assessment 2026

PapaCambridge · papacambridge.com

Cloze Passage
শূন্যস্থান পূরণ

অনুচ্ছেদটির নিচে দেওয়া শব্দের তালিকা থেকে উপযুক্ত **শব্দটি** বেছে নিয়ে অনুচ্ছেদের প্রত্যেকটি শূন্যস্থান পূরণ করো।

শিক্ষার্থীদের শিক্ষার মান যাচাইয়ের জন্য কতোগুলো পদ্ধতি থাকে। এর মধ্যে একটি হলো, পরীক্ষার ফলাফল যাচাই করা। কীভাবে এবং কখন থেকে এই পরীক্ষাপদ্ধতি শুরু হয়েছিলো এ নিয়ে ইতিহাসবিদের মধ্যে **(16)** __________ রয়েছে। অনেকে মনে করেন যে পরীক্ষাপদ্ধতি **(17)** __________ করেছেন হেনরি ফিশেল। তাঁর জন্ম আমেরিকার যুক্তরাষ্ট্রে। তিনি প্রথমে যুক্তরাষ্ট্রের ইন্ডিয়ানা ইউনিভার্সিটির শিক্ষক ও পরে **(18)** __________ হন। আবার কেউ কেউ মনে করেন, পৃথিবীতে প্রথম পরীক্ষাপদ্ধতির **(19)** __________ হয় 605 খ্রিষ্টাব্দে চীনে। সুই রাজবংশে পরীক্ষাপদ্ধতি **(20)** __________ হলেও যাঁরা সরকারি চাকরি করতে ইচ্ছুক, শুধু তাঁদের পরীক্ষা দিতে হতো। 1806 সালে সিভিল সার্ভিসের প্রার্থী **(21)** __________ জন্য ব্রিটিশরা যুক্তরাজ্যে পরীক্ষাপদ্ধতি চালু করে। পরে 1853 সালে ইস্ট ইন্ডিয়া কম্পানি এ পদ্ধতি **(22)** __________ করে ভারতীয় উপমহাদেশে। প্রতিযোগিতামূলক পরীক্ষা নিয়ে তারা কম্পানির জন্য বেসামরিক কর্মচারী **(23)** __________ করতো। অবশ্য এর বহুদিন আগে প্রাচীন ও মধ্যযুগে ভারতে ‘গুরুকুল’ নামে এক ধরনের **(24)** __________ প্রচলিত ছিলো বলে কিছু গুণীজনের ধারণা। সেখানে ছাত্ররা পর্যাপ্ত **(25)** __________ করলে কোনো পরীক্ষা ছাড়াই গুরুর নির্দেশে তাদের পড়ালেখার পাঠ শেষ হতো। এরপর ব্রিটিশরা পাশ্চাত্য শিক্ষাব্যবস্থা চালু করাতে এই প্রাচীন ব্যবস্থা চিরতরে হারিয়ে যায়।

ব্যবহার	গুরুত্ব	অধ্যক্ষ
শাসন	উদ্ভাবন	কর্মচারী
জ্ঞানলাভ	শিক্ষাব্যবস্থা	নিয়োগ
মতভেদ	প্রয়োগ	লক্ষ্য
চালু	নির্দেশ	নির্বাচনের

[20]

Section B
বিভাগ : খ
ডিজিটাল দুনিয়া

Multiple choice comprehension
বোধজ্ঞানের বহুবিকল্প প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **1** নম্বর নিবন্ধটি পড়ে **26** থেকে **32** প্রশ্নগুলোর উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের সঠিক উত্তরটি বেছে উপযুক্ত বাক্সে ✓ দাও।

26 প্রথম অনুচ্ছেদ অনুযায়ী প্রযুক্তির সাফল্য হলো ____________ ।

A মানব সভ্যতাকে সামনের দিকে এগিয়ে নিয়ে গেছে

B প্রযুক্তির কারণে মানুষের জীবনযাত্রা অনেক আরামদায়ক হয়েছে

C মানুষকে স্বাবলম্বী করে তুলেছে

D মানুষ পরিবার নির্ভরশীল না হয়ে স্বাধীনভাবে চলতে পারে [2]

27 মানুষ কেন কৃত্রিম বুদ্ধিমত্তার দিকে ঝুঁকে পড়েছে?

A মানুষের বুদ্ধিমত্তার কারণে।

B মানুষ অন্য প্রাণিদের চেয়ে আলাদা বলে।

C প্রযুক্তির উপর নির্ভর করে কৃত্রিম বুদ্ধিমত্তা সৃষ্টি করা যায় বলে।

D কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে কম্পিউটার মানুষের জটিল কাজগুলো করছে বলে। [2]

28 ডিজিটাল দুনিয়ায় মানুষ কীভাবে তার একাকীত্ব দূর করে?

A অনলাইনে প্রয়োজনীয় তথ্য খুঁজে।

B অন্যান্য মানুষের সঙ্গে যোগাযোগ করে।

C রোবটকে বন্ধু কল্পনা করে।

D পিছনের দিকে তাকিয়ে থেকে। [2]

DO NOT WRITE IN THIS MARGIN

PapaCambridge · papacambridge.com 3204/02 Question Paper June 2026

29 কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে কম্পিউটারের কাজ সম্বন্ধে নিচের কোন তথ্যটি সঠিক?

A	এটি ছাত্রদের পরীক্ষার খাতার উত্তর লিখে তাদের পাশ করায়।
B	এটি কবিতা ও রচনা লিখে ছাত্র ও শিক্ষকদের বিভ্রান্ত করে।
C	এটি পাসওয়ার্ড রক্ষার জন্য ইমেইলে সবাইকে সতর্ক করে।
D	এটি নানান তথ্য জোগাড় করে নিয়োগকারীকে মোহিত করে।

[2]

30 সামাজিক মাধ্যমে মানুষের আসক্তি সম্বন্ধে নিচের কোন তথ্যটি সঠিক নয়?

A	মোবাইল ফোনই সামাজিক যোগাযোগের একমাত্র মাধ্যম।
B	সামাজিক মাধ্যমে অতিরিক্ত নির্ভরশীলতাকে অনেক মনোবিদ আচরণগত সমস্যা বলেছেন।
C	সামাজিক মাধ্যমে লাইকস এবং ডিসলাইকস নিয়ে অনেকেরই সম্পর্কের অবনতি হয়েছে।
D	সামাজিক মাধ্যমে নেতিবাচক মন্তব্য ও ঝগড়াঝাঁটির প্রভাবে মানসিক স্বাস্থ্যের ক্ষতি হয়।

[2]

31 বর্তমান বিশ্বের জনগণের জন্য কৃত্রিম বুদ্ধিমত্তার বিশেষ ইতিবাচক ভূমিকা কী?

A	ক্যালকুলেটরের মাধ্যমে জনগণের মধ্যে প্রযুক্তি নির্ভরতা তৈরি করা।
B	সঠিকভাবে জনসেবা দেওয়া ও তাদের জীবনের মান উন্নত করা।
C	বর্তমান প্রজন্মকে প্রযুক্তির মাধ্যমে শিক্ষিত করা।
D	পরিবর্তনশীল সমাজকে নতুনভাবে জীবনযাপনে প্রভাবিত করা।

[2]

32 ডিজিটাল দুনিয়ায় বাংলাদেশের বর্তমান অবস্থান কোথায়?

A	ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের সাথে সাথে দেশটি স্মার্ট বাংলাদেশের দিকে এগিয়ে যাচ্ছে।
B	কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়ে গবেষণা ও নতুন নতুন আবিষ্কার করে দেশটি সবার ওপরে রয়েছে।
C	মেশিন ইন্টেলিজেন্স-এর সাহায্যে দেশটি দুর্নীতি দমনে সফল হয়েছে।
D	বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশও প্রযুক্তিনির্ভর হয়ে উঠেছে।

[2]

© Cambridge University Press & Assessment 2026

DO NOT WRITE IN THIS MARGIN

Section C
বিভাগ : গ
স্বপ্ন ছোঁয়ার গল্প

OE Comprehension
বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **2** নম্বর নিবন্ধটি পড়ে **33** থেকে **38** প্রশ্নগুলোর উত্তর দাও। নিবন্ধ থেকে কোনো সম্পূর্ণ বাক্য অবশ্যই হুবহু নকল করবে না (প্রত্যেকটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য **4** নম্বর ও সুন্দর ভাষার জন্য **2** নম্বর)।

33 প্রথম অনুচ্ছেদে লাবনির শিক্ষাগত যোগ্যতা সম্বন্ধে কী কী বলা হয়েছে? **চারটি** বিষয় লেখো।

....

....

....

....

.... [6]

34 বিশ্ববিদ্যালয়ে শিক্ষাকালে লাবনি কী কী কাজে জড়িত ছিলেন? **চারটি** বিষয় লেখো।

....

....

....

....

.... [6]

DO NOT WRITE IN THIS MARGIN

PapaCambridge · papacambridge.com   3204/02 Question Paper June 2026

35 একজন সফল সরকারি কর্মকর্তা হওয়ার জন্য লাবনি কী কী করলেন? **চারটি** বিষয় লেখো।

....

....

....

....

.... [6]

36 লাবনির পরিবারের সদস্যদের সম্বন্ধে এই নিবন্ধে যেসব তথ্য দেওয়া হয়েছে সে সম্বন্ধে **চারটি** বিষয় লেখো।

....

....

....

....

.... [6]

37 লাবনির সাফল্যে তাঁর পরিবারের বাইরের লোকজন কীভাবে সাড়া দিলো? **চারটি** বিষয় লেখো।

....

....

....

....

.... [6]

DO NOT WRITE IN THIS MARGIN

PapaCambridge · papacambridge.com 3204/02 Question Paper June 2026

38 শেষ অনুচ্ছেদ অনুযায়ী দেশের জরুরী অবস্থায় পুলিশের কী কী ভূমিকা রয়েছে?

....

....

....

....

.... [6]

Vocabulary
শব্দার্থ

নিবন্ধ 2 থেকে নেওয়া নিচের প্রতিটি শব্দের কেবল **একটিমাত্র** অর্থ লেখো।

39 সম্পন্ন

.... [2]

40 যুক্ত

.... [2]

41 পারদর্শী

.... [2]

42 সংবর্ধনা

.... [2]

43 অন্যতম

.... [2]

DO NOT WRITE IN THIS MARGIN

PapaCambridge · papacambridge.com 3204/02 Question Paper June 2026

BLANK PAGE

DO NOT WRITE IN THIS MARGIN
DO NOT WRITE IN THIS MARGIN
DO NOT WRITE IN THIS MARGIN
DO NOT WRITE IN THIS MARGIN
DO NOT WRITE IN THIS MARGIN

© Cambridge University Press & Assessment 2026

PapaCambridge · papacambridge.com

BLANK PAGE

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (Cambridge University Press & Assessment) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

To avoid the issue of disclosure of answer-related information to candidates, all copyright acknowledgements are reproduced online in our Copyright Acknowledgements Booklet. This is produced for each series of examinations and is freely available to download at www.cambridgeinternational.org after the live examination series.

Cambridge International Education is the name of our awarding body and a part of Cambridge University Press & Assessment, which is a department of the University of Cambridge.

© Cambridge University Press & Assessment 2026

DO NOT WRITE IN THIS MARGIN

PapaCambridge · papacambridge.com